কালের কণ্ঠ

তারিখ 10 AUG 2015
পৃষ্ঠা ২ কলাম ১

হাইকোর্টের রুল

# উচ্চশিক্ষায় ভ্যাট কেন অবৈধ নয়

নিজস্ব প্রতিবেদক ▷

বেসরকারি বিশ্ববিদ্যালয়, মেডিক্যাল ও ইঞ্জিনিয়ারিং কলেজের ওপর সাড়ে ৭ শতাংশ ভ্যাট আরোপের সিদ্ধান্ত কেন অবৈধ নয়—তা জানতে চেয়ে সরকারের প্রতি রুল জারি করেছেন হাইকোর্ট। জনস্বার্থে করা একটি রিট আবেদনের ওপর প্রাথমিক শুনানি শেষে গতকাল রবিবার বিচারপতি শেখ হাসান আরিফ ও বিচারপতি জে এন দেবের বেঞ্চ এই রুল জারি করেন।

অর্থসচিব, শিক্ষাসচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান ও জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যানকে আগামী তিন সপ্তাহের মধ্যে এই রুলের জবাব দিতে বলা হয়েছে।

সরকার চলতি অর্থবছরের বাজেটে বিশ্ববিদ্যালয় ও কলেজের শিক্ষার্থীদের টিউশন ফির ওপর সাড়ে ৭ শতাংশ হারে ভ্যাট আরোপের পর জাতীয় রাজস্ব বোর্ড গত ৪ জুলাই এ বিষয়ে অফিস আদেশ জারি করে। এরপর থেকেই এসব প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা ওই ভ্যাট প্রত্যাহারের দাবিতে বিক্ষোভ-সমাবেশসহ বিভিন্ন কর্মসূচি পালন করছে।

'নো ভ্যাট অন অ্যাডুকেশন' নামের একটি সংগঠন এ বিষয়ে বিশ্ববিদ্যালয়গুলোর চ্যান্সেলর রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের কার্যালয়ে স্মারকলিপিও দিয়েছে।

গত মঙ্গলবার ড্যাফোডিল ইউনিভার্সিটির আইন বিভাগের শিক্ষক খন্দকার দিদার উস সালাম ও দুই শিক্ষার্থী এ বিষয়ে হাইকোর্টে রিট আবেদন করেন। রিট আবেদনকারীর পক্ষে শুনানি করেন ব্যারিস্টার হাসান এম এস আজিম।

রিট আবেদনকারী দিদার উস সালাম বলেন, বিষয়টি বৈষম্যমূলক। সবার জন্য শিক্ষা নিশ্চিত করা রাষ্ট্রের দায়িত্ব। কিন্তু সরকারি বিশ্ববিদ্যালয় ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের জন্য দুই রকম নিয়ম করা হয়েছে। নিয়ম সবার জন্য সমান হতে হবে। এ কারণেই রিট আবেদন করা হয়েছে।